

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
( সিটি কর্পোরেশন-১ শাখা )

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯-১৩(অংশ-২)-১৬৩

তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৮ খ্রি

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

স্থানীয় সরকার বিভাগ

৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হইতে ' বিশেষ খোক বরাদ্দ' উপ-খাতে রক্ষিত অর্থ হতে ২.১৫৫২ কোটি টাকা অবমুক্তকরণ প্রসংগে।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটে সিটি কর্পোরেশনসমূহের জন্য বরাদ্দকৃত ৩৫০.০০ কোটি (তিনশত পঞ্চাশ কোটি ) টাকা হতে অনুমোদিত বিভাজনে 'বিশেষ খোক বরাদ্দ' উপ-খাতে রক্ষিত অর্থ হতে বরিশাল সিটি কর্পোরেশন কর্তৃক বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় 'শহীদ সুকান্ত বাবু শিশুপার্ক' নির্মাণের জন্য ২.১৫.৫২.০০০/- (দুই লাখ পনের লক্ষ বায়ান্ন হাজার) টাকা অবমুক্তকরণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

২। এই ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০১-৭৪৬০-৭২ ৩২/৩২- সিটি কর্পোরেশনসমূহের জন্য খোক বরাদ্দ-মূলধন খাতে বরাদ্দকৃত ৩৫০.০০ কোটি (তিনশত পঞ্চাশ কোটি ) টাকা হতে সিটিসমূহের

৩। এই অর্থ ছাড় করণে অর্থ বিভাগের ২৯/০১/২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩৪ নম্বর স্মারকে নিম্নোক্ত শর্তসম্মতি প্রদান করা হয়েছেঃ


(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(গ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা দিতে হবে; এবং

(ঘ) নির্দিষ্ট উন্নয়ন প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে এই অর্থ কোন অবস্থাতেই ব্যয় করা যাবে না।

৪। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি বিধান পালন করবেন।




মোঃ মাহমুদুল আলম  
উপ সচিব।  
ফোনঃ ৯৫৭৩৬২৩

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯-১৩(অংশ-২)-১৬৩/১(৯)

তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৮ খ্রি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১শাখা) )।
২. ডিভিশনাল কমেন্টার অব একাউন্টস, ঢাকা বিভাগ।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল জেলা, বরিশাল।
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৯. অফিস নথি।



মোঃ মাহমুদুল আলম  
উপসচিব